বসন্তে-বসন্তে তোমার কবিরে দাও ডাক—
যায় যদি সে যাক ॥
রইল তাহার বাণী   রইল ভরা সুরে,   রইবে না সে দূরে—
হৃদয় তাহার কুঞ্জে তোমার রইবে না নির্বাক্ ॥
ছন্দ তাহার রইবে বেঁচে
কিশলয়ের নবীন নাচে নেচে নেচে ॥
তারে   তোমার বীণা যায় না যেন ভুলে,
তোমার ফুলে ফুলে
মধুকরের গুঞ্জরনে বেদনা তার থাক্ ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra / Kaharwa, Raag: Ramkeli/Iman
Visit www.geetabitan.com for notation and other detail